

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ২. ৩. এক রাতে এক লক্ষ পঁচাশি হাজার বিধর্মী সৈন্য হত্যা / ৯. ৩. ২. ৪. নিজেকে মাবুদ প্রমাণ করতে ১ লক্ষ ২৭ হাজার হত্যা

৯. ৩. ২. ৩. এক রাতে এক লক্ষ পঁচাশি হাজার বিধর্মী সৈন্য হত্যা

"সেই রাতে মাবুদের ফেরেশতা বের হয়ে আশেরীয়দের ছাউনির এক লক্ষ পঁচাশি হাজার লোককে হত্যা করলেন।" (২ বাদশাহনামা ১৯/৩৫)

৯. ৩. ২. ৪. নিজেকে মাবুদ প্রমাণ করতে ১ লক্ষ ২৭ হাজার হত্যা

সিরিয়ার অরাম রাজার সাথে ইসরাইল রাজ্যের এক যুদ্ধের সময় সিরিয়ার সৈন্যগণ বলাবলি করে যে, পাহাড়ের উপর যুদ্ধ করলে বিন-ইসরাইলের সাথে পারা যাবে না; কারণ বিন-ইসরাইলের দেবতা পাহাড়ের দেবতা, আর আমাদের দেবতাগুলো সমভূমির দেবতা; কাজেই পাহাড়ে যুদ্ধ না করে আমরা তাদের সাথে সমভূমিতেই যুদ্ধ করব (১ বাদশাহনামা ২০/২৩)। এতে ক্রুদ্ধ হয়ে ঈশ্বর প্রায় দেড় লক্ষ বিধর্মী সিরীয়কে হত্যা করেন; শুধু এ উদ্দেশ্যে যেন ইসরাইলীয়গণ জানতে পারে যে, তাদের মাবুদ সকল স্থানেরই মাবুদ। "তখন আল্লাহর একজন বান্দা এসে ইসরাইলের বাদশাহকে বললেন, 'আল্লাহ এই কথা বলেছেন, সিরীয়রা মনে করছে আল্লাহ পাহাড়ের মাবুদ, উপত্যাকার মাবুদ নন; সেজন্য আমি এই বিরাট সৈন্যদলকে তোমার হাতে তুলে দেব, আর এতে তোমরা জানতে পারবে যে, আমিই আল্লাহ। … বনি-ইসরাইলরা এক দিনেই এক লক্ষ সিরীয় পদাতিক সৈন্য হত্যা করল। বাদবাকী সৈন্যেরা অফেকে পালিয়ে গেল আর সেখানে তাদের সাতাশ হাজার সৈন্যের উপরে দেয়াল ধ্বসে পড়ল।" (১ বাদশাহনামা ২০/২৮-৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14540

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন